বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন
২৭৭২ 08/06/26

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

কেন্দ্রীয় সচিবালয়, ওয়াপদা ভবন(২য় তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bpdb.gov.bd

স্মারক নং: ২৭.১১.০০০০.১০১.১৪.০০১.২৬-৭৬০২ তারিখ: 08/০৬/২০২৬ খ্রিঃ।

**বিষয়: বিদ্যুতের খুচরা মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি পুনর্মূল্যায়ন প্রসঙ্গে।**

পূর্বসূত্র: বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬-২৫২১, তারিখ: ০৩/০৬/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক বিদ্যুতের খুচরা মূল্যহার ২০২৬ পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা হয়েছে, যা বিলিং মাস জুন/২০২৬ হতে কার্যকর হবে। উল্লেখ্য যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) কর্তৃক বিদ্যুতের খুচরা মূল্যহার পুনঃনির্ধারণ সংক্রান্ত একটি প্রস্তাব বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)-এ প্রেরণ করা হয় এবং উক্ত প্রস্তাবের উপর গত ২১/০৫/২০২৬ খ্রি. তারিখে গণশুনানি অনুষ্ঠিত হয়।

বিউবো কর্তৃক দাখিলকৃত প্রস্তাবের আবেদনপত্রে সংযোজনী (জ) "বর্তমান এবং প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনজনিত কারণে বর্তমান ও ভবিষ্যৎ আর্থিক অবস্থার তুলনামূলক বিবরণী"-এর ব্যাখ্যায় বাল্ক ট্যারিফ যথাক্রমে ১.৫০ টাকা এবং ১.২০ টাকা বৃদ্ধির সম্ভাব্য প্রভাব বিবেচনায় একটি খসড়া খুচরা ট্যারিফ কাঠামো প্রস্তাব করা হয়েছিল (**কপি সংযুক্ত**)। উক্ত প্রস্তাবে এলটি-এ (আবাসিক) গ্রাহক শ্রেণীর ক্ষেত্রে লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর বিদ্যমান ট্যারিফ ফেব্রুয়ারি/২০২৪ হতে কার্যকর মূল্যহার অনুযায়ী অপরিবর্তিত রাখার প্রস্তাব অন্তর্ভুক্ত ছিল। এর মাধ্যমে সীমিত বিদ্যুৎ ব্যবহারকারী নিম্ন ও মধ্যম আয়ের গ্রাহকদের উপর অতিরিক্ত আর্থিক চাপ পরিহারের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছিল।

কিন্তু কমিশন কর্তৃক জারিকৃত সর্বশেষ বিজ্ঞপ্তিতে আবাসিক গ্রাহক শ্রেণীর লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) উভয় ক্ষেত্রেই মূল্যহার বৃদ্ধি পূর্বক যথাক্রমে ৫.৩২ ও ৬.১৮ টাকা/কি.ও.ঘ. করা হয়েছে (পূর্বের মূল্য যথাক্রমে ৪.৬৩ ও ৫.২৬ টাকা/কি.ও.ঘ.)। উল্লেখ্য, এ শ্রেণীর গ্রাহকগণ প্রধানত নিম্ন আয়ের, প্রান্তিক ও সামাজিকভাবে অপেক্ষাকৃত ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত। বর্তমান সরকারের অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, সামাজিক সুরক্ষা এবং স্বল্প আয়ের জনগোষ্ঠীর কল্যান নিশ্চিতকরণের নীতিগত উদ্দেশ্যের সঙ্গেও বিষয়টি সম্পৃক্ত।

এতদ্প্রেক্ষিতে, আবাসিক গ্রাহক শ্রেণীর লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর মূল্যহার বৃদ্ধি না করে খুচরা মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি পুনর্মূল্যায়ন যুক্তিসঙ্গত ও সময়োপযোগী বলে প্রতীয়মান হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক জারিকৃত সূত্রোক্ত বিজ্ঞপ্তির আওতায় আবাসিক গ্রাহক শ্রেণীর লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর বিদ্যুতের মূল্যহার বৃদ্ধি না করে খুচরা মূল্যহার পুনর্মূল্যায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** বর্ণনামতে।

08.06.2026
(আফরোজা সুলতানা)
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

মোহাম্মদ নুরুল আনোয়ার
পরিচিতি নং-০১-০১২০৮
মহাব্যবস্থাপক
বাণিজ্যিক পরিচালন
বিউবো, ঢাকা।

চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।

Content Not Verified